



শনিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি কর্তৃক বুয়েটের ছাত্রছাত্রীদের জন্য আয়োজিত 'তথ্য প্রযুক্তির ব্যবহার' শীর্ষক সাক্ষাৎকারী প্রশিক্ষণ প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দীন আহমদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী।

বুয়েটের ছাত্রদের জন্য বারো সপ্তাহের কম্পিউটার কোর্সের উদ্বোধন

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির (আই-আইসিটি) উদ্যোগে বুয়েটের ছাত্রছাত্রীদের জন্য তথ্য প্রযুক্তির ব্যবহার (তিতাস) শীর্ষক বারো সপ্তাহের এক প্রশিক্ষণ প্রকল্প গত শনিবার থেকে শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে এ প্রশিক্ষণ প্রকল্পের উদ্বোধন করেন বুয়েটের উপাচার্য অধ্যাপক ড. নূরউদ্দীন আহমদ। উপাচার্য তার ভাষণে বলেন, বাংলাদেশে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে আরও অনেক দক্ষ জনশক্তির প্রয়োজন। তথ্য প্রযুক্তি বিষয়ে অধিকতর জ্ঞানার্জনের বাহন হিসেবে 'তিতাস' প্রকল্প খুবই সমরোপযোগী ও সহায়ক হবে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী তার ভাষণে 'তিতাস' প্রকল্পকে একটি নতুন ধারণা হিসেবে অবহিত করেন। আইআইসিটির পরিচালক ও 'তিতাস' প্রশিক্ষণ প্রকল্পের পরিচালক অধ্যাপক ড. এএসএম লুৎফুল কবীরের সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. মো. জয়নুল আবেদীন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. মো. আবুল কাশেম মিয়া, আইআইসিটির সহযোগী পরিচালক (সিস্টেম অ্যান্ড সাপোর্ট) ড. মো. মাসরুর আলী এবং আইআইসিটির প্রোগ্রামার এএ মুনির হাসান প্রমুখ। উল্লেখ্য, 'তিতাস' প্রকল্পের মাধ্যমে প্রথমবার প্রতিটি কোর্সে বুয়েটের অনূর্ধ্ব ৬০ জন করে মোট ৩শ' ছাত্রছাত্রীকে প্রশিক্ষিত করা হবে এবং উদ্ভীর্ণ শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান করা হবে।